গুড়, গন্ধরস, মণ্ডল, [দেং] কোলাহল।

ঘোল —মথিত দধি, তক্র, মাঠা, [দেং] নদীর আওড়।

চোল —দেশ বিং, কাঁচুলি, কঞ্চুলিকা।

ছোল —[দেং] ত্বক্, বাকল।

জোল —[দেং] ক্ষুদ্র খাত, দীর্ঘ নালা।

ঝোল —[দেং] জুষ, ব্যঞ্জনের রস।

টোল —[দেং] চতুষ্পাঠী, চৌবাড়ী, পাঠশালা।

ডোল —[দেং]ধান্যাদিরক্ষণপাত্র,ডুলি,জাহাজের মাস্তল

ঢোল —[দেং] বাদ্য যন্ত্র বিং, ঢোলক।

তোল —পরিমাণ বিশেষ, ১ ভরি।

দোল —দোলন, ডুলি, ডোল, ফাগোৎসব।

বোল —গন্ধরস, ক্ষার জল, [দেং] বাক্য, উক্তি, বুলি।

রোল —ফল বিং, পানিআমলক, পেনালা, আর্দ্রক।

লোল —চঞ্চল. চালিত, ইচ্ছুক, অভিলাষী, সস্পৃহ।

হোল —[দেং] মুষ্ক, অণ্ডকোষ। (ইং) সমুদয়।

ওল—অন্ত। (৩) ত্র্যক্ষর।

আন্দোল্—[ধা] অনুশীলন, দোলন-আন্দোলন।

হিল্লোল্—[ধা] দোলন-হিল্লোল।

জিওল —[দেং] বৃক্ষ বিং, কচ্ছপাদি।

কাকোল—গরল, বিষ, দাঁড় কাক, শূকর বিং, ঔষধ বিং, কুম্ভকার, সর্প, নরক বিং।

কক্কোল —কাঁকলা, গন্ধ দ্রব্য বিং।

মক্কোল --খড়ী, খটিকা।

খগোল --আকাশ মণ্ডল।

ভূগোল --ভূমণ্ডল, পৃথিবীর আকৃত্যাদির বিবরণ গ্রন্থ

দৃগ্‌গোল --খগোলান্তর্গত গোল বিং।

নিচোল --উত্তরচ্ছদ, আচ্ছাদন বস্ত্র, পাছুড়ী, শীতবস্ত্র, ঘাগরা, বর্ম্ম, প্রচ্ছদ পট।

কটোল --চণ্ডাল, অন্ত্যাবসায়ী, কটুরস।

নিটোল --সম্পূর্ণ,পরিপুষ্ট,সম্পূর্ণগোল,উচ্চতানিচতাহীন

পটোল --ফল বিং, বস্ত্র বিং, পট্ট বস্ত্র।

গড্ডোল --[গণ্ডোল] গুড়, গ্রাস।

হিন্দোল --দোলা,ঝুলনা,ঝুলন যাত্রা, রাগ বিং,যান বিং

কপোল --গণ্ডস্থল, গাল।

বরোল --বোল্‌তা, রাজ হংস।

গড়োল —গ্রাস, গরাস, গুড়, অন্নের ডেলা।

বিলোল —কম্পমান, চঞ্চল, চপল, অতি লোভী।

উল্লোল —কল্লোল, বৃহৎ তরঙ্গ, দোদুল্যমান, বৃহৎ।

কল্লোল --মহা তরঙ্গ, আনন্দ, শত্রু।

ঝল্লোল --টেকুয়ার বাঁটুল, তর্কুলাসক।

হিল্লোল —দোলন, তরঙ্গ, ঢেউ।

ওল—অন্ত। (৫) চতুরক্ষর।

অন্দিহোল্‌—[ইং]মোটের উপর।

পঞ্চকোল —পাঁচন বিশেষ।

কটকোল —নিষ্ঠীবন পাত্র, পিক্‌দান।
শ্বেতকোল —শফর মাছ, পুঁটী মাছ।
পৃথুকোল —রাজ বদর, বৃহৎ কুল।
সমকোল —ভুজঙ্গ, সর্প, সাপ।
বারকোল —(দেং) কূর্ম্ম, কচ্ছপ, কমঠ।
গণ্ডগোল —(দেং) অতিশয় কোলাহল, বিবাদ, ঝগড়া
যন্ত্রগোল —কলাই বিং, মটর।
বৃহদ্গোল —তরমুজ, শীর্ণ বৃন্ত।
ঘনতোল —চাতক পক্ষী।
চতুর্দ্দোল —চারিজনে বহনীয় শিবিকা বিং, চৌদোল
ভৃঙ্গরোল —ভীমরুল, বোলৃতা।
চটুলোল —অতি চঞ্চল, অতি সুন্দর, ভাসা২চক্ষুবিশিষ্ট
মহালোল —বায়স, কাক, অতিশয় চঞ্চল, অস্থির।

ওল– অন্ত। (৫) পঞ্চাক্ষর।

ইয়ার-হোল্ —(ইং) কর্ণ ছিদ্র।
রাজপটোল—একপ্রকার কাঁকুড়, বৃহৎ পটোল।
মরুদান্দোল—তালবৃন্ত, ব্যজন, পাখা।
গৃহকল্লোল —যে গৃহের শত্রু-রাহু, চন্দ্র-পৃথ্বীর যোগস্থল

ঔল—অন্ত। (২) দ্ব্যক্ষর।

কৌল —সৎকুলজাত, কৌলিক, কুলক্রমাগত, বামাচারী, কুলাচার রত, ব্রহ্মচারী। (দেং) করার।
ডৌল —(দেং) ধারা, রূপ, ঢং, মূর্ত্তি, আকার।

তৌল —পরিমাণ দণ্ড, মাপন, তুলা রাশি।

মৌল —বিশ্বস্ত, আপ্ত, ভূম্যাদির মূল বেত্তা, মোড়ল, মূলাগত অমাত্য, আজ্ঞাপ্রাপ্ত, ফল বিং, মণ্ডল।

স্থৌল্য—স্থূলতা, পীনতা।

লৌল্য—চাঞ্চল্য, কামনা, স্পৃহা, লোভ, ইচ্ছা, বাসনা, চাপল্য

শৌক্ল্য—শ্বেত গুণ, শুক্লতা, শুভ্রতা।

ঔল—অন্ত। (৪) চতুরক্ষর।

অতিলৌল্য—অতিশয় ইচ্ছা।

মনোলৌল্য—মনের অস্থিরতা, স্বেচ্ছাচারিতা, খেয়াল।

লা। (১) একাক্ষর।

লা —(দেং) লাক্ষা, জতু, দান, গ্রহণ, [ধা] গ্রহণ-মালা।

ম্লা—(ধা) অভ্যাস-নিম্ল।

অলা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

কলা —চন্দ্রের ষোড়শ ভাগ, অল্প সময়, বিভূতি, নৌকা, কাপট্য, সামর্থ্য, টাকার সুদ, কলন, মরীচি পত্নী, গীত, বাদ্য, নৃত্য, নাট্য, আলেখ্য, ভূষণ যোজন, ঐন্দ্রজাল, দেশভাষা জ্ঞান, বৃক্ষায়ুর্ব্বেদ যোগ, সংখ্যা, অংশ, আকর, জ্ঞান, চৌষট্টি বিদ্যা বিশেষ, শিল্পাদি, স্ত্রীরজঃ, কৌশল, তক্ষু কর্ম্ম, কেশ মার্জ্জন, পুষ্পাস্তরণ, সমস্যা পূরণ ইত্যাদি। (দেং) কদলী, রম্ভা।

গলা —(দেং) কণ্ঠ, গলদেশ, দ্রবীভূত।

জলা —জল প্লাবিত স্থান,জলময় স্থান।
ঝলা —কন্যা,সূর্য্যকিরণ,উজ্জ্বল,আলোক,ঝিঁঝিঁপোকা।
তলা –বামপ্রকোষ্ঠের চর্ম্মময় আবরণ,অধোভাগ,গোসাপ
পলা —(দেং) রত্নবিং,প্রবাল,তৈলাদিগ্রহণার্থ দর্ব্বী বিং
ফলা —সংযুক্তাক্ষর, ফলযুক্ত,বাণসংলগ্নলৌহ,ফলক।
রলা —(দেং) ক্ষুদ্র শাখা, কচি ডাল।
শলা —(দেং) তৃণময় গৃহের বাঁখারি, শলাকা, তুলী।
হলা —নাট্যোক্তি বিং, সখী, মদ্য, জল, পৃথিবী।
অল্লা —মাতা, পরম দেবতা।
কল্লা —দুষ্ট, শঠ, অবাধ্য, মায়াবী। (যাং) গলদেশ।
খল্যা —খামার সমূহ, ধান্য মাড়া খাগার।

অলা—অন্ত। (৩) দ্ব্যক্ষর।

কয়লা —(দেং) অঙ্গার, অলাত, দগ্ধ কাষ্ঠ।
ময়লা —(দেং) মলিন, অপরিস্কৃত, জঞ্জাল।
একলা —(একল শব্দজ) একাকী, একা, অসহায়।
কুকলা —পিঁপুল।
কাঁকলা—(দেং) গন্ধ দ্রব্য বিং।
চাকলা —(দেং) প্রদেশ, অঞ্চল, ফলাদির খণ্ড।
শুক্রলা —তৃণ বিং, চেঁচুয়া।
মেখলা —স্ত্রীলোকের কটিভূষণ, উপনয়ন কালে ধারণীয় মঞ্জু নির্ম্মিত সূত্র ত্রয়, চন্দ্রহার, পর্ব্বতের নিম্ন দেশ, পৃশ্নিপর্ণী লতা, কাঞ্চী, রসনা, হোম

কুণ্ডের উপরিস্থ মৃণ্ময় বেষ্টন বিং, খড়্গ মুষ্টি সংলগ্ন শৃঙ্খল ও চর্ম্মাদি বন্ধন।

বগলা —দশ মহাবিদ্যান্তর্গত দেবী বিং, পার্ব্বতী।

হোগলা—সুদীর্ঘ জলজ তৃণ বিং।

মঙ্গলা —দুর্গা, ভগবতী, পতিব্রতা স্ত্রী।

মেঘলা—(দেং) মেঘাচ্ছন্ন দিন, বাদলা।

আঁচলা—বস্ত্রের চোস, আঁচল।

ওঁচলা —[দেং] অবস্কর, জঞ্জাল, আবর্জ্জনা।

কচলা —[দেং] প্রক্ষালিত, ধৌত করণ।

নিশ্চলা—[অচলা] পৃথিবী, ধরণী, স্থিরা, শালপর্ণী।

পিছলা —[দেং] গড়ানিয়া, আটা হীন, তৈল বৎ।

আঁজলা—যুক্ত কর দ্বয়, কর পুট।

কাজলা—[দেং] শুক পক্ষী বিং, ইক্ষু বিং, কৃষ্ণ বর্ণ।

আটলা—[দেং] আঁটি, বিড়া, গুচ্ছ, সরঞ্জাম।

পাটলা —দুর্গা, পুষ্প বৃক্ষ বিং, রক্ত লোধ্র, পারুল বৃক্ষ।

উতলা —[দেং] চঞ্চল, উৎকণ্ঠিত, চিন্তিত।

পাতলা —[দেং] তরল, সূক্ষ্ম, বেধ বিহীন।

শীতলা —[দেং]দেবী বিং, বসন্তরোগের অধিষ্ঠাত্রী দেবী

সূত্রলা —তর্কু, টেকো, তুলার পাঁইজ।

সপ্তলা —নব মাল্লিকা পুষ্প, গুঞ্জ, পাটলা, চর্ম্ম কষা।

উদলা —(দেং) অনাচ্ছাদিত।

ত্রিদলা—লতা বিং, গোধাবতী লতা।

আধলা —(দেং) ইষ্টকার্দ্ধ, অর্দ্ধেক।

কৃষ্ণলা —গুঞ্জা, রত্তি, কুঁচ।

ক্ষেপলা—(দেং) ক্ষেপণীয় জাল বিং।

চপলা —[চঞ্চলা] ছন্দো বিং, মদিরা, বিজয়া, জিহ্বা, পিপ্পলী, অস্থিরা, বেশ্যা, বিদ্যুৎ, লক্ষ্মী।

পূপলা —ঘৃত পক্ক পিষ্টক বিং।

ত্রিফলা—[ত্রিফলা] হরীতকী-আমলকী-বয়ড়া=৩ ফল।

দোফলা—(দেং) যে বৃক্ষে বৎসরে দুইবার ফল জন্মে।

নিফলা —[নিষ্ফলা] জ্যোতিষ্মতী লতা।

অবলা —স্ত্রীলোক, নারী, বলরহিতা।

তবলা —(দেং) বাদ্য যন্ত্র বিং।

ধবলা —শ্বেত বর্ণ গাভী, ধবল রোগ যুক্ত।

শবলা —কর্ব্বুর বর্ণা গো, শবলবর্ণা গরু।

শর্ব্বলা —[সর্ব্বলা] তোমরাস্ত্র, শাবল।

আমলা —আমলকী ফল,(যাং)বেতন ভোগী কর্ম্মচারী।

কমলা —লক্ষ্মী, উত্তমা স্ত্রী, নারাঙ্গী লেবু।

কামলা —নেবা, পাণ্ডু রোগ।

বিমলা —দেবী বিং, ভূমি বিং,চর্ম্ম কষা,সপ্তলা,মলাহীন

শামলা —[দেং] শ্যাম বর্ণ, কৃষ্ণ বর্ণ, শালের পাগড়ী।

শ্যামলা—পার্ব্বতী, দুর্গা, শ্যামবর্ণাভা।

নির্ম্মলা—(দেং) কতক ফল, নির্ম্মলী, ময়লাহীন।

করলা —লম্বা উচ্ছে, তিক্ত ফল বিং।

বরলা —[বারলা] রাজ হংসী, বোল্‌তা।

মুরলা —কেরল দেশের নদী বিং।

সরলা —নদী বিং. তেউড়ী গাছ, স্বাধ্বী।

সুরলা —গঙ্গা, নদী বিং।

বিললা —শ্বেত বালা।

ইল্বলা —মৃগশিরা নক্ষত্রের শিরস্থ পাঁচটী ক্ষুদ্র তারা।

কুশলা —কেশ, চুল।

চহলা —(দেং) কর্দ্দম, কাদা।

দেহলা —মদ্য, মদ, সুরা।

কৌশল্যা-[কৌসল্যা] রাম মাতা, কৌশল রাজার কন্যা।

নিঃশল্যা-বৃক্ষ বিং, দন্তি বৃক্ষ।

বিশল্যা—গুলঞ্চ লতা, জুঁয়াতা শাক, অজমোদা, দন্তী।

অহল্যা—গৌতম পত্নী, অপ্সরা বিং, অকৃষ্টা ভূমি।

অলা—অন্ত। [৪] চতুরক্ষর।

চন্দ্রকলা --চন্দ্রের কলা, চন্দ্র মণ্ডলের ষোড়শ ভাগ, চন্দ্রকান্ত, বাচা মৎস্য, দ্রগড় বাদ্য।

কামকলা —রতী, কন্দর্প পত্নী, কামশাস্ত্র, হাবভাব বিং।

পারকলা —(দেং) স্বচ্ছ মৃত্তিকা বিং, দর্পণ।

কেলিকলা--সরস্বতীর বীণা, রতিক্রীয়া।

রসকলা —মৃদুমিষ্ট স্বর, সদ সন্তের গীতি।

শশিকলা --ছন্দো বিং, চন্দ্রের ষোড়শাংস।

নাগাঙ্কলা—নাগ যষ্টি, রৈকাঠ।

ঝলজ্ঝলা —[ঝলঝলা] হস্তীর কর্ণ তাড়ন।
শকুন্তলা —দুষ্মন্ত রাজার স্ত্রী, ভরত রাজার মাতা।
স্থূলদলা —মুসব্বর বৃক্ষ।
মুরন্দলা —নদী বিং, নর্ম্মদা নদী।
শুক্লোপলা—শর্করা, চিনি, শাদা পাথর।
যুগ্মফলা —লতা বিং বিছুটী লতা।
গুচ্ছফলা —দ্রাক্ষা লতা, কদলী, আঙ্গুর বিং।
মঞ্জিফলা —কদলী বৃক্ষ, কলা গাছ।
মূত্রফলা —কর্কটী, কাঁকুড়, ত্রপুসী, শশা।
শকুফলা —[শিবাফলা] শমী বৃক্ষ, শাঁই গাছ।
ক্ষুদ্রফলা —কণ্টকারী, ইন্দ্রবারুণী।
ভানুফলা —কদলী ফল, কলা।
কৃষ্ণফলা —সোমরাজী।
চারুফলা —দ্রাক্ষা লতা।
নীলফলা —জম্বু, জাম।
তুলিফলা —শিমুল তুলার বৃক্ষ।
মাংসফলা —বার্ত্তাকু, বেগুণ।
তিষ্যফলা —আমলকী।
কর্ষফলা —আমলকী বৃক্ষ।
সকৃৎফলা —কদলী বৃক্ষ, কলা গাছ।
রাজবলা —গন্ধভাদালিয়া, গাঁধাল।
অতিবলা —বিশ্বামিত্র দত্ত রামের অস্ত্র বিদ্যা বিং।

অলা—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

নষ্টেন্দুকলা —অমাবস্যা, কুহূ।
গলমেখলা —কণ্ঠ ভূষণ বিং, চিক, হার, গলসূত্র।
বাটশৃঙ্খলা —পথরোধক শিকলী।
কটিশৃঙ্খলা —কটিদেশস্থ ক্ষুদ্র ঘণ্টিকা, কোমরের ঘুঙ্গুর
কৃষ্ণপিঙ্গলা —নীল-পীতমিশ্রিত বর্ণ, দুর্গা।
সর্ব্বমঙ্গলা —দুর্গা-যিনি সকল মোক্ষ দান করেন।
ছালনাতলা—(দেং) বিবাহে স্ত্রী আচার স্থান।
কাণপাতলা—যে লাগানেকথা শুনে রাগকরে,দোঠেকা
মসুরিদলা —কৃষ্ণ ত্রিবৃৎ, শ্যাম লতা।
পিচ্ছলদলা —কুল গাছ।
অংশুমৎফলা—প্রভাযুক্ত ফল, কলা গাছ।
তারবিমলা —রৌপ্য বর্ণ ধাতু বিং।
বরবৎসলা —শাশুড়ী, শ্বশ্রু, শ্বশুরপত্নী।
পত্রকাহলা —পাতার মড়মড় ধ্বনি।

অলা—অন্ত। (৬) ষড়ক্ষর।

সমুদ্রমেখলা —[উদধিমেখলা, সাগরমেখলা] পৃথিবী।
ময়ূরবিদলা —অম্বষ্ঠা, অম্বাড়া গাছ।'
প্রতিপত্রফলা—ক্ষুদ্র কারবেল্ল, ছোট করলা।
রসায়নফলা —হরীতকী।
উত্তরকোশলা—অযোধ্যা পুরী, কোশল দেশ।
ন্যগ্রোধপরিমণ্ডলা-যে স্ত্রীর শীতে গ্রীষ্ম-গ্রীষ্মে শীত হয়

আলা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

কালা —নীলিনী, কৃষ্ণ জীরক, দুর্গা, মঞ্জিষ্ঠা, কুলিক বৃক্ষ, অশ্বগন্ধা বৃক্ষ, পাটলী বৃক্ষ, বধির, কৃষ্ণ বর্ণ

খালা —[যাং] পিতার ভগিনী।

গালা —(দেং) জৌ, লাক্ষা, লা।

ছালা —(দেং) পশু পৃষ্ঠের ঝুলি, থলিয়া, গুণ।

জালা —[দেং] অলিঞ্জর, জলাদি রক্ষণার্থ বৃহৎ মৃণ্ময়পাত্র

জ্বালা —অগ্নিশিখা, দীপ্তিবিশিষ্ট, দাহ, জ্বলন, উপদ্রব।

ঝালা —কন্যা, সূর্য্য কিরণ, ঝিঁঝিঁ পোকা, হিংসা।

টালা —(দেং) পরিমাণ বিং, টাল বাহনা করা।

ডালা —(দেং) বংশ নির্ম্মিত পাত্র বিং।

ঢালা —(দেং) গলিত ধাতুময় দ্রব্য, নিক্ষেপ, অভিন্নরূপ

তালা —(দেং) দ্বার বিরোধের যন্ত্র—কুলুপ, কক্ষা, অট্টালিকার থাক, শব্দ গ্রহণে অসমর্থ।

থালা —(দেং) ধাতুময় ভোজন পাত্র।

নালা —[দেং] জল নির্গম পথ, পয়ঃ প্রণালী, নাল, খাল

পালা —পল্লব, বার, পর্য্যায়, পোষা, রক্ষিত, হিম।

বালা —বালিকা, বালুকা, হস্তাভরণ বিং।

ব্যালা —[দেং] বেহালা, বেয়ালা, বাদ্য যন্ত্র বিং।

মালা —শ্রেণী, সারি, মাল্য, নারিকেলের খোল, বর্ণ-শঙ্কর জাতি বিং, হার, সমূহ।

লালা —মুখজাত ক্লেদ জল, লাল।

শালা —গৃহ, গৃহের একদেশ, বড়ডাল, ভবন, স্ত্রীর ভাই
হালা —সুরা, মদ্য, তাড়ী। [দেং] আঁটি, থোবা।
আল্লা —[যাং] পরমেশ্বর, ঈশ্বর।
পাল্লা —[দেং] তৌল করণের পাত্র-তরাজু, সমকক্ষতা
কাল্যা —শুভালাপ, উপসর্য্যা, মলিন বর্ণ, কাল রং।
আম্লা —তেঁতুল গাছ।

আলা—অন্ত। (২) ত্র্যক্ষর।

গোয়ালা—[গোআলা] গোপ, দুগ্ধ বিক্রেতা।
শেয়ালা —[দেং] শেওলা, জল ঘাস।
জটালা —জটামাংসী, জটাযুক্ত।
উতালা —[দেং] চঞ্চল, উৎকণ্ঠিত।
তেতালা —[দেং] তিন তালা ঘর।
দোতালা—[দেং] দোপেঁচ চাবি, ছাতের উপর ঘর।
জোন্তালা—দেব ধান্য, দেধান।
জানালা —গবাক্ষ, খিড়কি।
চৌপালা—[চৌদোল] (দেং) যান বিং, চতুর্দ্দোল।
কোবালা—(কবলা) [যাং] বিক্রয় পত্র।
দেবালা —রাগিণী বিশেষ।
অম্বালা —পঞ্জাবের নগরী বিশেষ, মাতা।
দোমালা —[দেং] অর্দ্ধপক্ক নারিকেল।
অরালা —কুলটা, নম্র স্বভাবাস্ত্রী।
করালা —চণ্ডিকা, অনন্ত মূল, ভয়ঙ্করী।

নিরালা —[দেং] নিভৃত, নির্জ্জন, গুপ্ত।
চূড়ালা —ঘাস বিং চূড়া যুক্ত, শিখা বিশিষ্ট।
বিশালা —উজ্জয়িনী নগরী, নদী বিং।
বেহালা —[দেং] বাদ্য যন্ত্র বিং।

আলা—অন্ত। (৪) চতুরক্ষর।

হাওয়ালা--[যাং] দেওন, অর্পণ, চির সত্ব বিশিষ্ট ভূমি।
একচালা—[দেং] তৃণাচ্ছাদিত ক্ষুদ্র গৃহ বিং।
হাতচালা—[দেং] মন্ত্র বলে হাত চালন।
বজ্রজ্বালা—[ঘনজ্বালা] বিদ্যুৎ, বজ্রাগ্নি, বৈদ্যুতাগ্নি।
অগ্নিজ্বালা--জল পিপ্পলী, ধাতকী বৃক্ষ, অগ্নি শিখা।
পয়নালা —[দেং] জল প্রণালী, নর্দ্দমা।
ধ্বনিনালা—বীণা, বেণু, বাঁশি, কাহল।
নাভিনালা--নাভিস্থিত নাড়ী, অমলা, গর্ভনাড়ী।
দীর্ঘবালা—চমরী মৃগ।
রাজবালা--রাজ কন্যা।
চন্দ্রবালা—স্থূলৈলা, বড় এলাচ।
কুলবালা—কুলকন্যা, কুল স্ত্রী।
অক্ষমালা—অক্ষ সূত্র,রুদ্রাক্ষ মালা,জপ মালা, অরুন্ধতী
গণ্ডমালা—গণ্ড দেশের ফোড়া, শিশুর মাল্য বিং।
প্রতিমালা--পাঠ্যমান কবিতাবলী।
পদমালা--মোহিনী বিদ্যা, পদ সমূহ।
বনমালা—মালা বিং, কৃষ্ণের মালা।

মণিমালা—মণিময় হার, লক্ষ্মী, দন্ত ক্ষত বিশেষ, দীপ্তি।
বর্ণমালা —বর্ণাবলী, জাতি মালা, অক্ষর শ্রেণী।
জপমালা—যে মালা অবলম্বন করিয়া জপ করে।
অভ্রমালা—মেঘ শ্রেণী, মেঘ সমূহ।
হেমমালা—যমের পত্নী, স্বর্ণহার।
করমালা—[জপমালা] অঙ্গুলি সকলের পর্ব্ব, শ্রেণী।
নরমালা —মনুষ্য মুণ্ডে নির্ম্মিত মালা।
বরমালা —পাত্রকে মালা দান।
হংসমালা—পাতি হাঁস, হংস শ্রেণী।
অংশুমালা- জ্যোতির্মালা নক্ষত্র মালা, সূর্য্য মণ্ডল।
বিদ্যুন্মালা-অষ্টাক্ষর পাদ ছন্দো বিং, বিদ্যুৎ সমূহ।
মরুন্মালা—পুক্কা শাক, পিড়িং শাক।
অশ্বলালা—সর্প ভেদ, ব্রহ্ম সর্প।
ফয়সালা —(ফয়ছালা) [যাং] মোকদ্দমার নিষ্পত্তি পত্র।
শক্রশালা—ইন্দ্র গৃহ।
টঙ্কশালা —টাকশাল-যেখানে টাকা প্রস্তুত হয়।
পক্ষিশালা—কুলায়, পক্ষীর বাসা।
নাট্যশালা—যেখানে নাটকের অভিনয় হয়-রঙ্গভূমি।
পাঠশালা—বিদ্যালয়-যেখানে অধ্যয়ন করে।
চিত্রশালা—চিত্র বহুল গৃহ, চিত্র করণ গৃহ।
সত্রশালা—[ছত্রশালা] অন্নাদি দান গৃহ।
তন্তুশালা —তাঁত ঘর।

পান্থশালা —পথিক দিগের আহারাদি করিবার গৃহ।
সূদশালা —[পাকশালা] রন্ধন গৃহ।
চন্দ্রশালা —জ্যোৎস্না, রথাদি বা প্রাসাদের সর্ব্বোপরিস্থ গৃহ, অট্টালিকা, আলিসা।
পণ্যশালা —হাট, বাজার, দোকান ইত্যাদি।
পর্ণশালা —কুঁড়ে, পাতার ঘর।
কুপ্যশালা—স্বর্ণ রৌপ্য ভিন্ন ধাতু পাত্র নির্ম্মাণ গৃহ।
রূপ্যশালা—টাকশাল, রজতাগার।
শিল্পশালা —কারখানা ঘর, শিল্প কর্ম্ম করিবার ঘর।
কুম্ভশালা —কুম্ভাদি নির্ম্মাণ গৃহ, কুমারের পোয়ান ঘর
ধর্ম্মশালা —ধর্ম্মার্থ গৃহ, বিচারালয়, দান-উপাসনা গৃহ।
তৈলিশালা-যন্ত্র গৃহ, কলুর ঘর, তৈলিক যন্ত্র।
অশ্বশালা —আস্তাবল, মন্দুরা।

আলা- অন্ত। (৫) পঞ্চাক্ষর।

ফেরিওয়ালা —(দেং) যে বিক্রয়ার্থে দ্বারে ২ ভ্রমণ করে
বরণডালা —বরণের উপকরণ পাত্র।
চম্পকমালা —কণ্ঠাভরণ বিং, ছন্দো বিং।
নক্ষত্রমালা —২৭টী মুক্তার গ্রথিত হার, নক্ষত্রশ্রেণী।
নন্দনমালা —শ্রীকৃষ্ণনির্ম্মিত মালিকা বিং।
বন্দনমালা —বহির্দ্বারোপরিস্থ মঙ্গল সূচক মাল্য।
কারণমালা —অর্থালঙ্কার বিং।
অক্ষরমালা —বর্ণমালা, অক্ষর শ্রেণী।

পথিকশালা--[অতিথিশালা] সরাই, পান্থশালা।
আরোগ্যশালা-চিকিৎসালয়, হাঁসপাতাল।
জলধরমালা —মেঘ শ্রেণী, ছন্দো বিং।

ইলা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ইলা —বুধপত্নী, বৌদ্ধপত্নী, পৃথিবী, ধেনু, বাণী।
ঈলা --গাভী, বাক্য, পৃথিবী।
গিলা —(দেং) ফল বিং, গ্রাস করা, ভক্ষণ ক্র।
ছিলা --মৌর্ব্বী,ধনুকের গুণ,জ্যা। (দেং)চাঁচা.পরিষ্কার
জিলা —[জেলা] প্রদেশ, একদেশ। (যাং) উজ্জ্বল।
ঢিলা —(দেং) শিথিল, আল্লা, দীর্ঘসূত্রী, ডেলা।
নীলা --নীল বর্ণ মক্ষিকা, রাগিণী বিং, নীল বর্ণ।
পীলা —(দেং) রোগ বিং, প্লীহারোগ, পিঙ্গল বর্ণ।
লীলা —ভঙ্গী, বিলাস, শোভা, ক্রীড়া, কেলী, শৃঙ্গার ভাব জাত চেষ্টা বিং, অঙ্গবেশ, অলঙ্কার ও প্রীতি বাক্যাদি দ্বারা প্রিয়তমের অনুকরণ।
শিলা —পাষাণ, দেহলী, থামের মাথা,মনঃশিলা,প্রস্তর, গোবরাট, পাড়, দ্বারের অধঃস্থিত কাষ্ঠ।
শীলা —কৌণ্ডিন্য মুনির পত্নী।

ইলা--অন্ত। (৩) ত্র্যক্ষর।

কইলা —(দেং) গোবৎস, বাছুর।
ইৎকিলা—গন্ধদ্রব্য বিং, রোচনাখ্য।
দাখিলা — (যাং) ভূমির কর সম্বন্ধীয় রসিদ।

অষ্ঠীলা —গোলাকার পাষাণ খণ্ড, আঁটী।
কাষ্ঠিলা —যার কাণ্ড কোনকার্য্যযোগ্য নহে-কদলীগাছ
মিথিলা —জনক রাজার পুরী, আধুনিক ত্রিহুত।
সন্ধিলা —সুড়ঙ্গ, নদী, মদ্য, মদিরা।
কপিলা —হস্তিনীবিং, কামধেনু, শিংশপাবৃক্ষ, গন্ধদ্রব্যবিং
চাম্পিলা —নদী বিশেষ।
অবিলা —ভেড়ী।
কবিলা —[যাং] ভার্য্যা, পত্নী, স্ত্রী।
প্রমীলা —তন্দ্রা, ঝিমান, ইন্দ্রজিতের পত্নী, অবসন্নতা
ঊর্ম্মিলা —লক্ষ্মণের পত্নী।
বার্ষিলা —করকা, শিল, বর্ষোপল।
মহিলা —নারী, যোষিৎ, স্ত্রী, মদমত্তা কামিনী, প্রিয়ঙ্গু লতা, রেণুকা নামক গন্ধদ্রব্য।

ইলা—অন্ত। (৪) চতুরক্ষর।

ক্লিপ্তকীলা —অধিকার পত্র, কবুলতি, পাট্টা, অট্টালিকা
অদ্রিকীলা —পৃথিবী, ভূমি।
কেলিকিলা —সরস্বতীর বীণা, কামদেবেরস্ত্রী, রতিক্রীড়া
হাড়গিলা —[হাড়িগিলা] [দেং] অস্থি ভক্ষক পক্ষী বিং
সমষ্টিলা —তৃণ বিং-যাহা জলাভূমিতে জন্মায়, পাড়ন দূর্ব্বা, কাঁকুড় বিং, গুণ্টিয়া শাক।
জলাষ্ঠীলা —সম চতুষ্কোণ বৃহৎ পুষ্করিণী, হ্রদ।
মোকাবিলা—[যাং] ঐক্য করণ, সম্মুখ।

ইলবিলা —কুবের জননী।
নিকুম্ভিলা --লঙ্কাস্থ গুহা বিং, দেবী বিং।
গিলমিলা —[দেং] রোগ বিং, হাম।
অবলীলা —অনায়াস, অক্লেশ।
তক্ষশিলা --পঞ্জাবের অন্তর্গত নগরী বিং।
রোগশিলা —[মনঃশীলা] মন্ছাল।
প্রেতশিলা —পিণ্ডদানার্থ গয়াস্থিত প্রস্তর বিং।
হিমশিলা —তুষার, বরফ।
চারুশিলা —মণি, রত্ন, সচ্চরীত্রা।

ইলা—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

অচলকীলা —পৃথিবী, অবনী।
পাণ্ডুশর্ম্মিলা—দ্রৌপদী।
গণ্ডকীশিলা —শালগ্রাম শিলা।
অলাতশিলা --পাতুরে কয়লা।

উলা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

কুলা --(দেং) শূর্প।
গুলা —সমূহ বোধক প্রত্যয়, গিজবৃক্ষ, গুটি।
ঘুলা —পচা, নষ্ট হওন।
চুলা —[চুল্লা] (দেং) উনান, আখা।
চূলা —চূড়া, অট্টালিকার উপরিস্থ গৃহ, চিলের ঘর।
তুলা --ভারের পরিমাণ, শত পল পরিমাণ, দাঁড়ী, নিক্তি, সপ্তম রাশি, সাম্য, সাদৃশ্য, ভাণ্ড।

তুলা —ফুটন্ত শিমুল, কার্পাস, শিম্বী।
তুম্বুলা —পিপ্পলী বিং, লাউ, অলাবু।
নুলা —(দেং) ক্ষুদ্র হস্তবিশিষ্ট, ছিন্ন হস্ত।
পুলা —(দেং) আঁটি, গুচ্ছ, গোছা।
মূলা —নক্ষত্র বিং, লতা বিং, মূলক, কন্দ বিং।
শূলা —বেশ্যা, শঙ্কু, কীলক।
কুল্যা —কৃত্রিম ক্ষুদ্র নদী, গড়খাই, প্রবাহ, কুলস্ত্রী, বার্ত্তাকু
শুক্লা —সরস্বতী, শর্করা, চিনি, শ্বেতবর্ণা, বিদারী।

উলা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

শঙ্কুলা —পূগকর্ত্তনী, যাঁতি, উৎপল পত্রিকা, পদ্মপাত,
বল্গুলা —বাকুচী, হাকুচ, পক্ষী বিং।
ফিস্চুলা—(ইং) ভগন্দর রোগ।
জম্বুলা —কেশে, কাশ তৃণ।
বিপুলা —ছন্দো বিং, পৃথিবী।
পাংশুলা —কুলটা, অসতীস্ত্রী, রজঃস্বলা, পৃথিবী, কেয়াফুল

উলা—অন্ত। (৪) চতুরক্ষর।

কূটতুলা —কৃত্রিম তুলা, ওজন বিষয়ের শঠতা।
একমূলা —শালপর্ণী বৃক্ষ, অতসী।
শতমূলা —দূর্ব্বা, বচা, বচ।
আরশূলা —[আরসুলা] (দেং) কীট বিং, তেলা পোকা।
চক্রকুল্যা —চিত্রপর্ণী, চাকুলিয়া।
উপকুল্যা —পিঁপুল, খাল, জলনালী।

পাকশুক্লা—কঠিনী, খড়ী।

উলা—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

ইউভিউলা—(ইং) আলজিহ্বা, ক্ষুদ্র জিহ্বা।

গন্ধগোকুলা—একপ্রকার ক্ষুদ্রকায় জন্তু বিং।

সূক্ষ্মতণ্ডুলা—[তিক্তত‍ণ্ডুলা, তীক্ষ্ণতণ্ডুলা] পিঁপুল।

এলা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

এলা—এলাইচ ফল। (যাং) এক্ষণে, এলায়।

খেলা—[ক্ষ্বেলা] নর্ম্ম, ক্রীড়া, বিহার, কৌতুক, সঞ্চলন।

চেলা—[দেং] সন্ন্যাসীদের শিষ্য, কাষ্ঠ খণ্ড, মৎস্য বিং

ডেলা—[ঢেলা] (দেং) লোষ্ট্র, ঢিল।

তেলা—[দেং] পিচ্ছল, স্নিগ্ধ, চিক্কণ।

পেলা—ফেরি, গানাদিতে দেয়বকসীস্ (যাং) ধাক্কা, ঢোকা

বেলা—[দেং] সময়, অবসর, স্রোত, সীমা, তট, হঠাৎ মৃত্যু, অম্বু, জল, জোয়ার, মর্য্যাদা, পীড়া, শিবের খাদ্য, বিল্ব, বাক্য, সুযোগ, বুধের পত্নী, মেড়া।

ভেলা—[দেং] ভেলক, ফল বিশেষ।

মেলা—লোকারণ্য, জনতা, হাট, কাজল, অঞ্জন, কালী, মেলক। [দেং] অনেক, প্রশস্ত, সভা, সমাজ।

হেলা—স্ত্রীলোকের ভাব বিং, লীলা, অবজ্ঞা।

বেল্যা—[দেং] বালি যুক্ত, মৎস্য বিং, বেলিয়া মাছ।

এলা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

এত্তেলা—[এত্তেলা] [যাং] বিজ্ঞাপন, সংবাদ, জানান।

অবেলা —চর্ব্বিত পান। (দেং) বেলাবসান।
আম্ব্রেলা—[ইং] ছত্র, ছাতা।
মামেলা —[মামলা] (যাং) মোকদ্দমা, অভিযোগ।
মহেলা —[মহিলা] নারী, স্ত্রী, রমণী।

এলা—অন্ত। (৪) চতুরক্ষর।

নদীবেলা —নদীর স্রোত।
বারবেলা —সর্ব্ব কর্ম্ম বারণ কাল।
কালবেলা —অশুভ সময় বিং, ক্রিয়ার অযোগ্য কাল।
অবহেলা —অবজ্ঞা, অনাদর, অবমাননা।

এলা—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

কুলিকবেলা—রবি বারাদিতে শুভ কর্ম্ম জন্য নিষিদ্ধ কাল, রাত্রির প্রথম ভাগ।
গগণভেলা —[দেং] হাড় গিলা পাখী।

ঐলা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

কৈলা —বৎসতর, গোবৎস, বাছুর। (দেং) টিকা, গুল বিং

ঐলা—অন্ত। (৪) চতুরক্ষর।

পূতিতৈলা—জ্যোতিষ্মতী লতা, নয়া ফট্‌কী।

ওলা—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ওলা —[দেং] খ্যাত নামা লড্ডুক বিং।
কোলা—বদরী বৃক্ষ, কলি বৃক্ষ, কুল গাছ, পিপুল, চব্য, দেশ বিং, বৃহৎ হাঁড়া। (দেং) ক্রোড়, কোল
খোলা—[দেং] খসান, উন্মুক্ত, খোসা, পাকপাত্র, অবদ্ধ, স্পষ্ট

গোলা—ধান্যাদির আগার, বর্ত্তুলাকার লৌহ পিণ্ড,
সখী, গোদাবরী নদী, দুর্গা, দ্রবীভূত।
ঘোলা—কর্দ্দম যুক্ত, আবিল, পঙ্কিল, যাহা স্বচ্ছ নহে।
ছোলা—[দেং] বুট, ছাল তোলন, পরিস্কার কৃ।
জোলা—[দেং] ম্লেচ্ছ তন্তুবায় জাতি, নির্ব্বোধ, নালা।
ঝোলা—[দেং] লম্বিত, বস্ত্র নির্ম্মিত যান বিং, ঝোলঙ্গা
তোলা—[দেং] তোলক, ভরি, কৃতোত্থান।
দোলা—নীলিনী, শিবিকা বিং, ডুলি, হিন্দোলক, ঝোলা,
ঝুলি, ধান্যাদির পাত্র, ডোল। [যাং] নিচুস্থান।
পোলা—[দেং] মৎস্য ধরা যন্ত্র বিং, বালক বালিকা।
ভোলা—[দেং] ভ্রান্ত, বিস্মরণ, মৎস্য বিং।
মোলা—[দেং] গুড় মিশ্রিত ভৃষ্ট দ্রব্যের লাড়ু।
শোলা—[সোলা] [দেং] জল তৃণ বিং।
হোলা—[দেং] ফাঁপা, চলুক, বেঙ্ বিং।
তোৎলা—[দেং] অস্পষ্ট বাক্, অস্ফুট ভাষী, জড়বক্তা।

ওলা—অন্ত। (৩) ত্র্যক্ষর।

আছোলা—[দেং] অপরিচ্ছিন্ন, অপরিস্কৃত।
পিঙ্গোলা—পাতার শব্দ, পত্র ধ্বনি।

ওলা—অন্ত। (৪) চতুরক্ষর।

ইটখোলা—[দেং] ইষ্টকক্ষেত্র, পাঁজা খোলা।
পাতখোলা—[দেং] মাটির পাতলা ছোট কটোরা।
কাকাওলা—কোল শিম্বী বৃক্ষ।

আলবোলা—[আলবালা] [দেং] ধূম পানার্থ যন্ত্র বিং।

লি। (১) একাক্ষর।

৯—পৃথিবী, অদিতি, ইহাতে শ্রীধর, দেব যোনি, বিশ্বেশ্বর, নবমী, বেদ মাতা, পর্ব্বত ইত্যাদি বুঝায়।

ৡ—শিব, দেবনারী, দৈত্য মাতা, স্ত্রীস্বভাব, স্বর্গীয়নারী, কমলা, আকাশ, দশমী, জননী ইত্যাদি বুঝায়।

লী—অশ্লেষ (ধা) সংলগ্ন হ—লয়,প্রলয়,লীন,বিলীন,নিলীন

অলি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

অলি —[অলী] ভ্রমর, কোকিল, কাক, বৃশ্চিক, মদ্য।

কলি —চতুর্থ যুগ, দ্বেষ, কলহ, শূর, বিভীতক বৃক্ষ।

কলী —কলিকা, কুঁড়ি, হুঁকা বিং।

খলি —তৈলাদির সিটা, কাইট।

গলি —(দেং) অল্প পরিসর পথ,গড়িয়া ধেনু, দুষ্ট বৃষ।

চলি —গাত্রাবরক বস্ত্র, র‍্যাপার। (দেং) গমন,যাত্রা।

ছলী —ধূর্ত্ত, প্রতারক, প্রবঞ্চনাকারী।

জলী —(দেং) জলযুক্ত জমী, পেরেক বিং।

থলি —[থলী] (দেং] বল্লী, গুণ, ছালা।

দলি —লোষ্ট্র, ডেলা, ঢিল।

নলি —[নলী] (দেং) বস্ত্র বয়নের নিমিত্ত সূত্রপূর্ণক্ষুদ্রনল

পলি —(দেং) নদীর জল প্রবাহে পতিত মৃত্তিকা।

ফলি —ফলুই মাছ, চক্ষু রোগ বিং।

ফলী —প্রিয়ঙ্গু লতা,ফলুইমৎস্য,ফলবিশিষ্ট,ফলবান্ বৃক্ষ

বলি --দেবোদ্দেশে ছেদনার্থ মহিষাদি, উপকল্পিত গাছ, বিরোচন পুত্র, দৈত্য বিং, পূজার সামগ্রী, বলিরাজা, ভূত যজ্ঞ বিং, চামর দণ্ড, রাজ-প্রাপ্য ভাগ, রাজস্ব, জীবগণের আহার।

বলী --বলরাম, উষ্ট্র, মহিষ, কফ, শূকর, বৃষভ, কুন্দ বৃক্ষ, ত্রিবলী, বার্দ্ধক্য হেতু শ্লথ চর্ম্ম, উপচিত, শক্তিমান্, বলবান্, বলযুক্ত।

মলী —কৃষ্ণবর্ণ, অপরিস্কৃত, পাপ যুক্ত, সোহাগা, মলান

শলি —(দেং) চল্লিশ সের পরিমাণ,ধান্যের পরিমাণবিং

হলি —হলকৃত রেখা, কৃষি, বৃহৎ হল।

হলী —বলরাম, কৃষক।

ছল্লি —[ছল্লী] ত্বক,লতা,ছাল,সন্তান,সন্ততি,পুষ্প বিং।

ঝল্লী —একপ্রকার ঢাক, ঝর্ঝর বাদ্য, ঝর্ঝরী।

তল্লী —যুবতী, তরুণী, নৌকা, বরুণের স্ত্রী।

পল্লি —(পল্লী) নগরাদির অংশ, পাড়া, টিকৃটিকী।

বল্লি —[বল্লী] লতা,পৃথিবী,অজমোদা,কুষ্মাণ্ডাদিলত

মল্লি —[মল্লী] মল্লিকা, বেলফুল, ঊনবিংশ জিন।

অলি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

মাকলি--ইন্দ্রের সারথি, চন্দ্র।

শকলী —মৎস্য, মাছ, মীন।

বাষ্কলী —মদিরা, মদ্য।

শষ্কলী —মৎস্য, ত্বক্ শালী।

শুষ্কলী —শুষ্ক মাংস, মাংস।

ছগলী —[ছাগলী] ছাগল, ছাগী, অজা, ছাগ মাতা।

জাঙ্গলি —[জাঙ্গলী] সাপুড়ে, বিষ বৈদ্য, জঙ্গলবাসী।

লাঙ্গলী —বলরাম, সর্প,নারিকেল বৃক্ষ,বিষ লাঙ্গলা গাছ

সৌদ্ধালি--বায়স, কাক।

অর্গলী —ক্ষুদ্র অর্গল, ছোট হুড়কা, খিল, গোঁজ।

কাঁচলি —[কাঁচলী](দেং) স্ত্রীলোকের স্তনাবরক পরিচ্ছদ

পুংশ্চলী—অসতী, ভ্রষ্টা স্ত্রী, বেশ্যা, নিশাচরী।

বিজলী —[দেং] তড়িৎ, সৌদামিনী।

কজ্জলী —পারদ ও গন্ধক ঘটিত ঔষধ।

অঞ্জলি —[অঞ্জলী] করপুট, আঁজলা, কর যোড়।

পিঞ্জলী—পবিত্র, প্রাদেশ মাত্র সাগ্র কুশ পত্র দ্বয়।

প্রাঞ্জলি--বদ্ধাঞ্জলি, কৃতাঞ্জলি, সংযুক্ত কর দ্বয়।

পাটলি—পাটলা বৃক্ষ, তৎ পুষ্প, নৌকা বিং, পারুল।

পিটলী —[দেং] বৃক্ষ বিং, জলযুক্ত পেষিত তণ্ডুল।

পুঁটলী —[দেং] গাঁঠরী, বস্ত্র দ্বারা বদ্ধ দ্রব্য সমূহ।

ফার্ষ্টলি—(ইং) প্রথমতঃ, অগ্রতঃ।

কুণ্ডলী —ময়ূর, বরুণ, সর্প, মিষ্টান্ন বিং, শক্তি-মৃগ বিং

মণ্ডলী —বিড়াল,গোনস সর্প, খট্টাশ,বটবৃক্ষ,দূর্ব্বা,সমাজ

মাতলি—ইন্দ্রের সারথি।

সূতলী —[সূত্র শব্দজ] শণের দড়ী, দড়ী।

পুত্তলি —[পুত্তলি] পুতুল,মৃত্তিকাদিনির্ম্মিত প্রতিমূর্ত্তি।

নিস্তুলী—বটিকা, গুটিকা।
কুথলী —(দেং) ঝুলি, হস্তী ঘোটকাদির সজ্জা।
কদলী —কলাগাছ, কলা, পতাকা, নিশান-মৃগী বিং।
আধলি—(দেং) অর্দ্ধ মুদ্রা, আধ টাকা।
কুনলী —বৃক্ষ বিং, বক ফুলের গাছ।
পিপ্পলি—[পিপ্পলী] পিঁপুল গাছ।
উৎপলী—তুষের চাপড়া।
মৃৎফলী—কুষ্ঠনামক ঔষধ দ্রব্য, কুড়।
নিষ্ফলী—বন্ধ্যা ও নিবৃত্ত রজস্কা নারী, ফলহীনা।
আবলি—[আবলী] পঙ্ক্তি, শ্রেণী, সন্ততি, বংশপরম্পরা।
ত্রিবলি—[ত্রিবলী] উদর ও কণ্ঠাদিতে মাংস সঙ্কুচিত
হইয়া জাত রেখা ত্রয়, জঠরাবয়ব বিং।
ধবলী —শ্বেতবর্ণা গাভী, ধবলরোগ যুক্ত।
লবলী —বৃক্ষ বিং, নোয়াড় গাছ।
শবলী —কর্ব্বুর বর্ণা গবী।
সবলি —প্রদোষ, গোধূলি, সন্ধ্যা, অপরাহ্ণ, বৈকাল।
কম্বলী —গল কম্বল যুক্ত গো মহিষাদি, কম্বলবান্।
শম্ভলী—দূতী, কুট্নী।
নির্ম্মলী—(দেং) কতক ফল, জল পরিষ্কারক ফল বিং।
শাল্মলি—শিমুল গাছ, নরক বিং, সপ্ত দ্বীপের এক দ্বীপ
শাল্মলী—পক্ষীন্দ্র, গরুড়, শূরণ, শিমূল গাছ।
অ্যারলি-(ইং) সকাল-সকাল, প্রাতে, অগ্রে।

খুরলী —ব্যায়াম-অস্ত্র-বাণ শিক্ষা।
মুরলী —বাঁশী, কেরল দেশের নদী বিং।
কুশলী —কুশল যুক্ত, ক্ষেমবান্।
বৃষলী —নীচ স্ত্রী, শূদ্রা, বন্ধ্যা, ঋতুমতী স্ত্রী, মৃতসন্তান প্রসব কারিণী, অবিবাহিতা ঋতুমতী।
মুশলী —[ষ, স] পল্লী, তালমূলী, গোধিকা, টিকটিকী।
মুষলী —[মুসলী] বলরাম, হলধর।
কুহলি —পূগ পুর্ণিকা, তাম্বুল, পাণ।
দেহলি —[দেহলী] হাতিনা, দ্বারাগ্র স্থান, চৌকাঠের উপরিস্থ বা অধঃস্থ ফলক।
দোহলী—অশোক বৃক্ষ।
সুবল্লি —[সুবল্লী] সোমরাজী, সোমরাজ।

অলি—অন্ত। (৪) চতুরক্ষর।

কৃষ্ণকলি —পুষ্প বৃক্ষ বিং।
গঙ্গাজলী —গঙ্গাজল স্পর্শ পূর্ব্বক অঙ্গীকার করা।
পতঞ্জলী —যোগ শাস্ত্র প্রযোক্তা মুনি বিং।
কৃতাঞ্জলি —[বদ্ধাঞ্জলি] যে জোড় হাত করিয়াছে।
পুষ্পাঞ্জলি —এক অঁাজলা ফুল, পুষ্প পূর্ণ কর দ্বয়।
জলাঞ্জলি —জলের অঞ্জলি.দাহের পর প্রেতের প্রীতার্থে জল দান, তর্পণ, কোন কার্য্য একবারে বিরতি, পরিত্যাগ, বিসর্জ্জন।
ব্রহ্মাঞ্জলি —বেদ পাঠ কালিন কৃতাঞ্জলি,গুরু সন্মান।

অন্তর্জলী —মৃত্যু কালীন অর্দ্ধ অঙ্গ জলে মগ্ন করিয়া হরি নামাদি শ্রবণ করণ।
ছীক্রেটলি —[ইং] সঙ্গোপনে, লুকাইয়া।
ছেকেণ্ডলি—[ইং] দ্বিতীয়তঃ, পরে।
পাকস্থলী —পাক করিবার পাত্র, উদরের যে অংশে ভুক্ত বস্তু পরিপাক হয়।
বধস্থলী —প্রাণীবধ স্থল, মশান।
তপঃস্থলী —কাশী, ধাম বিং।
দেবস্থলী —দেবস্থান, দেবালয়।
শুভস্থলী —যজ্ঞভূমি, মঙ্গল জনক স্থান।
ব্যোমস্থলী—পৃথিবী, ধরণী, নভোস্থল।
সমস্থলী —[শশস্থলী] দোয়াব-গঙ্গা-যমুনারমধ্যবর্ত্তী দেশ
বসুস্থলী —কুবের পুরী, যক্ষরাজ ভবন।
মহাস্থলী —শ্রেষ্ঠ স্থান, পৃথিবী।
দলাদলী —(দেং) ভেদ, বিরোধ, সংশ্রব রহিত।
নীলোৎপলী-শিব মূর্ত্তি বিং, মঞ্জুঘোষ।
একাবলী —একযষ্টিকা, একনর মালা, একনর হার, অর্থালঙ্কার বিং, ছন্দো বিং।
ভোগাবলী—স্তুতি, নাগপুরী।
চৈত্রাবলী —চৈত্র মাসের পূর্ণিমা তিথি।
পত্রাবলি —[পত্রাবলী] পত্র রচনা, কুঙ্কুম, চন্দনাদি দ্বারা কপোলাদি ভূষিত করা, অলকাতিলকা

পদাবলী —পদ শ্রেণী, পদ সমূহ, ছন্দঃ।
বৃন্দাবলী —শ্রীকৃষ্ণের সখী, বলিরাজার স্ত্রী, গোপী বিং
চন্দ্রাবলী —শ্রীকৃষ্ণের প্রণয়িণী, গোপী বিং।
বিন্ধ্যাবলী—বাণ রাজার মাতা।
সন্ধ্যাবলী —শিবালয়স্থ মৃৎ কাষ্ঠাদি নির্ম্মিত বৃষ।
গুণাবলী —নামতা, গুণ সমূহ।
রত্নাবলী —রত্ন হার, নাটিকা বিং, বৎসরাজ পত্নী।
নামাবলী —নাম শ্রেণী, দেব নামাঙ্কিত উত্তরীয় বস্ত্র।
রোমাবলী —নাভির ঊর্দ্ধ্ব ভাগে-উদর মধ্যস্থ রোমশ্রেণী
বংশাবলী —পূর্ব্ব পুরুষদের নামাবলী, কুলজী।
বিশ্ববলী —সর্ব্ব প্রকার বিষয় বোধে সমর্থ।
কুতূহলী —আনন্দিত, কুতূহল বিশিষ্ট, ক্রীড়ক।
হালাহলী —সুরা, মদ্য।
তোয়বল্লী —[রাজবল্লী] উচ্ছে, করলা, কারবেল্ল।
শক্রবল্লী —ইন্দ্র বারুণী লতা, রাখাল শশা লতা।
নাগবল্লী —পানের গাছ, তাম্বুলী লতা, তামুলবল্লী।
বজ্রবল্লী —হাড়ভাঙ্গার গাছ, সূর্য্যমুখী ফুল।
জটাবল্লী —রুদ্রজটা, গন্ধমাংসী নামে ঔষধ বিং।
পত্রবল্লী —তিলক, পানের গাছ।
ইন্দুবল্লী —সোমলতা।
মধুবল্লী —যষ্টিমধু।
ঘনবল্লী —সৌদামিনী, বিদ্যুৎ। [দেং] খাড়া ঝিঙ্কি।

কপিবল্লী —গজ পিপ্পল।
সোমবল্লী —সোমলতা, গুড়ুচী, সোমরাজ।
তাম্রবল্লী —মঞ্জিষ্ঠা লতা।
ক্ষীরবল্লী —কৃষ্ণ ভূমি কুষ্মাণ্ড।
তরুবল্লী —তরুরুহা।
শিরোবল্লী—ময়ূরের শিখা।
গুল্মবল্লী —সোমলতা।
রঙ্গমল্লী —বাদ্য যন্ত্র বিশেষ, বীণা।

অলি—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

কমপ্লীটলি —[ইং] সম্পূর্ণ রূপে, সমাপ্ত রূপে।
ইনষ্ট্যান্টলি —[ইং] তখনিই, অবিলম্বে।
চক্রমণ্ডলী —সর্প বিং, অজাগর সর্প, বৃহৎ সর্প।
বাতমণ্ডলী —বাত্যা, ঘূর্ণা বাতাস, ঝড়।
প্রসবস্থলী —মাতা, জননী।
দারুকদলী —[বনকদলী] বনকলা, কলা বিং।
অশননলী — যে নলী দ্বারা গিলিত বস্তু জঠরে নীত হয়
তোয়পিপ্পলী—কাঁচড়া, জলজ শাক বিং।
শনকাবলী —গজপিপ্পলী।
পাণ্ডুকম্বলী —পাণ্ডুবর্ণ কম্বলাবৃত রথ, পাণ্ডুবর্ণ যুক্ত।
কুটশাল্মলী —জিউলি-কাশিমালা গাছ, কণ্টকীবৃক্ষ বিং
আভীরপল্লি—[আভীরপল্লী] গোয়ালা পাড়া, গোপস্থান
যোজনবল্লী —লতা বিং, মঞ্জিষ্ঠা লতা।

অঙ্গারবল্লী —গুঞ্জা, কুঁচ, করঞ্জ বিং, ভার্গী।
তাম্বুলবল্লী —পাণের গাছ, তাম্বুলী।
আকাশবল্লী—আকাশ বেল লতা, আলগ লতা।
করুণমল্লী —নব মল্লিকা লতা।

আলি—অন্ত। (৬) ষড়ক্ষর।

পারমানেণ্টলী—(ইং) চিরস্থায়ী রূপে।
কাঞ্চনকদলী --সুবর্ণকদলী.চাঁপাকলা.চাঁপাকলার গাছ
মর্কটপিপ্পলী —অপামার্গ. আপাং গাছ।
মাষভক্তবলি --মাষ-দধি-তণ্ডুলমিশ্রিতপূজ্যোপহারবিং
মুষলামুষলি —গদা যুদ্ধ, লাঠালাঠি।

আলি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

আলি —[আলী] ভ্রমর. কোকিল, কাক, বৃশ্চিক, মদ্য, ভুমির বাঁধ, ক্ষেত্রের আইল, শ্রেণী, সন্ততি, সেতু, সখী, নির্ম্মলান্তঃকরণ, নিরর্থক।
কালি —মসী, একত্র সঙ্কলন(দেং)গত বা আগত দিবস
কালী —শিবের স্ত্রী-কালিকা, মৎস্যগন্ধা, নূতনোদিত মেঘ শ্রেণী, রাত্রি,তুবরী,পরিবাদ,মসী,কৃষ্ণবর্ণ
খালি —(দেং) রিক্ত, শূন্য।
গালি —শাপ, কটুবাক্য, অভিশাপ, বকাবকি।
চালি —(দেং) ক্ষুদ্র তৃণ গৃহ, চাউল,ব্যবহার,বারাণ্ডা।
জালী —যাহার জাল আছে, গবাক্ষবিশিষ্ট, প্রতারক, ধীবর, জেলে। (দেং) কচি ঝিঙ্গা-পটোলাদি।

ঝালি —(দেং) চাট্‌নী বিং, ঝালযুক্ত, ঝারী, ব্যঞ্জন বিং
টালি —(দেং) ইষ্টক বিং, বৃহৎ ইষ্টক।
ডালী —ডালযুক্ত, বংশ নির্ম্মিত ঝুড়ি, ভেট।
ঢালী —ঢাল বিশিষ্ট, ঢাল ধারী।
তালি —(দেং) করতল ধ্বনি, ভুম্যামলকী, সেলাই বিং
তালী —তালগাছ, তালা বিং, তাড়ী।
থালী —(দেং) হাঁড়ী, তৈলাধার বিং। (যাং) থাল্।
স্থালী —পাক পাত্র, হাঁড়ী, থালী, পাটলা বৃক্ষ।
দালি —[দেং] মাস-মুগ প্রভৃতি কলাই।
দালী —দেবদারু।
নালি —[নালী] নাড়ী, শিরা, [দেং] পুরাতন ক্ষত।
পালি —[পালী] পঙ্‌ক্তি, শ্রেণী, উকুণ, প্রশংসা, হাঁড়ি, চারি সেরক পরিমাণ, ক্রোড়, অঙ্ক, সেতু, আইল, প্রান্তভাগ, কোণ, শ্মশ্রু বিশিষ্টা স্ত্রী।
বালি —[বালী] ইন্দ্রপুত্র, বানর রাজ বিং, বালুকা।
মালি —[মালী] মালাকর জাতি, পক্ষি বিং, মাল্য, সুরা, মল্লিকা, নদী বিং, রাক্ষস বিং।
শালি —ধান্য, গন্ধ মার্জ্জার।
শালী —বিশিষ্ট, যুক্ত, শোভমান, ভার্য্যার ভগিনী।
হালি —(যাং) নূতন, এ বছরে। (দেং) নৌকা দণ্ড।
হালী —কনিষ্ঠা শ্যালিকা, ছোট শালী।
আগ্লী —(ইং) কুৎসিত, কদাকার।

পাগ্লী —(দেং) স্ত্রী পাগল, উন্মত্তা।

বালি´ —(ইং) যব।

আলি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

রোয়ালী—(দেং) ধানের চাষ, রোপিত ধান্য, চারাধান্য

হিঁয়ালি —[হেঁয়ালি](দেং) গূঢ়ার্থ প্রশ্ন, অস্পষ্টার্থ প্রশ্ন।

আকালি—(দেং) লঙ্কা মরিচ।

কাঁকালি—(দেং) কটিদেশ, কোমর।

নখালি —ক্ষুদ্র শঙ্খ, নখ শ্রেণী।

শৃগালী —ভয়ে পলায়ন, হঠিয়া আসা, খেঁকশিয়ালী।

ভগালী —শিব, মহাদেব, ত্রিলোচন।

কাঙ্গালি—দরিদ্র, নিঃস্ব।

পাঁচালী —[দেং] গীত বিশেষ।

বিচালী —[দেং] ধান্যাদির শুষ্ক তৃণ, খড়, নাড়া।

পাঞ্চালী—দ্রৌপদী, কাষ্ঠাদি নির্ম্মিত পুত্তলী।

সঞ্চালী —গুঞ্জা, কুঁচ।

বাটালী —[বাটালী] কাষ্ঠ ছেদনাস্ত্র বিং, রাস্তা, বাড়ী।

ঘণ্টালী —বৃক্ষ বিং, কোষাতকী গাছ, ঘণ্টা সকল।

ষণ্ডালী —তৈলমান বিং, সরোবর, তড়াগ, কামুকীস্ত্রী।

বাতালী—বাত্যা, প্রবল বায়ু, ঝড়।

সূত্রালী —গল সূত্র, হার।

গন্ধালী —লতা বিং, গন্ধভাদালিয়া লতা।

প্রণালী —দুই বৃহৎ জল ভাগকে সংযোগকারী-নালা,

নর্দ্দমা, শ্রেণী, রীতি, পয়ঃ প্রণালী।

মৃণালী —পদ্ম, মৃণাল।

পর্ণালি —পদ্ম, ধারাগৃহ, গ্রীষ্মকালের বিশ্রাম গৃহ।

আপালি—উকুণ, কেশ কীট।

কপালী —শিব, মহাদেব।

দীপালী —দীপান্বিতা, অমাবস্যা,যক্ষরাত্রি,দীপমালা।

নৈপালী —শেফালিকা, মনঃশিলা, নবমল্লিকা।

উৎপালী—আরোগ্য, স্বাস্থ্য।

শেফালি —[শেফালী] শিউলি ফুলের গাছ।

আবালি —[আবলি] শ্রেণী, সমূহ।

রোমালী —উদর মধ্যস্থ রোমশ্রেণী,রোমীয় সম্প্রদায়।

সমালী —পুষ্পাকর, ফুলের তোড়া।

করালী —অগ্নির সপ্ত জিহ্বার অন্তর্গত জিহ্বা বিং।

কেরালী—জ্যোতিঃ শাস্ত্র বিং, এক ঘণ্টা।

শরালি —[শরালী] শরারি পক্ষী।

গোড়ালি—[গোড়ালী] [দেং] গুল্‌ফ, পাদ মূল।

পিড়ালী —(দেং) আসন, বেদী, পিঁড়া।

মালালী —পিড়িং শাক, পৃক্কা শাক।

শৈলালী —নট, নৃত্য কারক।

চোহালি—[দেং] চিবুকের অস্থি।

আলি—অন্ত। (৪) চতুরক্ষর।

দেওয়ালী —(দেং) দীপান্বিতা, রাগিণী বিং।

গ্র্যাজুয়্যালি (ইং) ক্রমে ক্রমে।
বৃশ্চিকালী—[গরাকালী] বিছুটীর গাছ, বিছুটী।
গণ্ডকালী --বৃক্ষ বিং, খদির বৃক্ষ।
ভদ্রকালী —দুর্গা, কাত্যায়নী।
গন্ধকালী —যিনি কটূগন্ধবিশিষ্টা-ব্যাসদেবের মাতা।
কৃষ্ণকালী —শ্রীকৃষ্ণের কালী মূর্ত্তি ধারণ,অবতারবিং।
রততালী —কামুক, লম্পট, দূতী, কুটনী।
করতালী —[হাততালি] করতাল, করধ্বনি।
হরিতালী--দূর্ব্বা ঘাস, ভাদ্র শুক্লা চতুর্থী, ছায়াপথ।
দেবদালী —স্বর্ব্বেশ্যা, বেশ্যা, বনবীজপুর, লতা বিং।
কণ্ঠনালী —গলার নালী।
গন্ধনালী —নাসিকা, নাক।
বাক্প্রণালী-কথা কহিবার রীতি।
যামনালী —যাম ঘোষা, ঘটিকা যন্ত্র।
জলনালী —জল নির্গমনের পথ, নর্দ্দমা।
তূলনালী --তুলার পাঁইজ।
ফাইন্যালি—[ইং] অবশেষ, চরমে।
অঙ্কপালী —আলিঙ্গন, কোল দেওয়া,ধাত্রী,বেদী, কোটী
পক্ষপালি —খিড়্কী দ্বার।
অঙ্গপালি --আলিঙ্গন, কোলাকোলি, আশ্লেষ।
কর্ণপালী —কর্ণালঙ্কার, কাণবালা, কর্ণফুল প্রভৃতি।
কুলপালি —পতিব্রতা, সতী, কুলবধূ।

সিনীবালী—দুর্গা, প্রতিপদ যুক্তা অমাবস্থা।
খলেবালী —খুঁটী, মেইকাঠ ইত্যাদি।
বীচিমালী —সমুদ্র, সূর্য্য।
অস্থিমালী --অস্থি মালা ধারী-শিব।
বনমালী —বনমালাধারী-শ্রীকৃষ্ণ, নারায়ণ।
হেমমালী —সূর্য্য, দিবাকর।
ঊর্ম্মিমালী --সাগর, সমুদ্র।
তৈলমালী —পলিতা, বর্ত্তি, শলিতা।
অংশুমালী—সূর্য্য, কিরণ শালী।
বিদ্যুন্মালী—রাক্ষস বিশেষ।
চতুরালি —(চাতুরালি) চাতুর্য্য, চতুরতা. শঠতা।
ভম্ভরালী —যে "ভম্ভম্"এই শব্দ করে-বৃহৎ মক্ষিকা।
শ্রুতশালী --বিদ্বান্, শাস্ত্রজ্ঞ।
গন্ধশালি —সুগন্ধি ধান্য বিং।
জ্ঞানশালী —জ্ঞানী।
ফলশালী —ফল বিশিষ্ট।
বলশালী —বলবান্, বলিষ্ঠ।

আলি—অন্ত। (৫) পঞ্চাক্ষর।

খেঁকশিয়ালী--ফেউ ডাকা শৃগাল, উল্কা মুখী, খীখী।
শ্মশানকালী—কালিকা মূর্ত্তি বিং।
বরাহকালী —পুষ্প বৃক্ষ বিং, সূর্য্য মণি ফুল।
সুরতভালী --দূতী, কুটনী, শিরোমাল্য।

পয়ঃপ্রণালী —জল নির্গমন পথ, নর্দ্দমা।

মরীচিমালী —সূর্য্য, তেজোময়, জ্যোতিস্মান্, চন্দ্র।

কিরণমালী —ভাস্কর, মার্ত্তণ্ড, সূর্য্য, রবি।

কপালমালী —ত্রিলোচন, মহাদেব, রুদ্র, শিব।

কাকবিড়ালী—[দেং] কক্ষদেশের ব্রণ বিং।

আলি—অন্ত। (৬) ষড়ক্ষর।

আতালীপাতালী-[দেং] সর্ব্বত্র,সর্ব্বাবয়ব, যেদিক্-সেদিক্

অন্নবহনালী —যে নালী দ্বারা ভুক্ত বস্তু শরীরের অন্তরস্থ হয় ও তাহার অসার ভাগ বহির্গত হয়

পুরুষাস্থিমালী —শিব, নরাস্থি মালাধারী।

ইলি—অন্ত। (২) দ্ব্যক্ষর।

ইলি —[ইলী] ছুরিকা, ছুরী, করপালিকা।

ঈলি —[ঈলী] ক্ষুদ্র গদাকৃতি হস্ত দণ্ড, সোঁটা।

খিলী —[দেং] পানের বীড়ি, সজ্জীকৃত পাণ।

ঠিলি —ক্ষুদ্র কলসী, ছোট ঘট।

তিলি —(দেং) বর্ণসঙ্কর জাতি বিং, কলু, তৈলকার।

নীলী —নীল গাছ, নলিনী।

বিলি —[বিলী] (যাং) ভাগ করণ, অংশ করণ, বণ্টন।

লিলি —(ইং) পদ্ম, কস্তূরী বৎ পুষ্প।

শিলি —[শিলী] ভূর্জ্জপত্র বৃক্ষ, ভেকী, গোবরাট।

ঝিল্লি —(দেং) বাদ্য যন্ত্র বিং, ঝিঁঝিঁপোকা।

ঝিল্লী —ঝিঁঝিঁপোকা, চিক্মিক্, সূর্য্য রশ্মি, উদ্বর্ত্তন।

দিল্লী —দেশ বিং, হস্তিনাপুরী।

কিল্বী —ঘোটক, অশ্ব।

ছিক্‌লী—(ইং) রুগ্ন, অসুস্থ। (দেং) জিঞ্জির, শৃঙ্খল।

ব্রিফ্‌লী—(ইং) সঙ্ক্ষেপতঃ, অল্পে।

ইলি—অন্ত। (৩) ত্র্যক্ষর।

পাতিলী—ফাঁদ, বাগুরা, পাতিল, নারী, মৃণ্ময় পাত্র বিং

তিন্তিলী —তেঁতুল গাছ, তিন্তিড়ী বৃক্ষ।

মৈথিলী —সীতা, শ্রীরাম পত্নী।

নিদ্ধিলী —ক্ষুদ্র পিপীলিকা।

অনিলী —স্বাতী নক্ষত্র।

আনিলী —অনিল পুত্র, হনুমান, ভীম, স্বাতী নক্ষত্র।

